গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর- ২৭৬

## তিন দিনের সফরে রাজশাহী আসছেন ভূমিমন্ত্রী

রাজশাহী; ৩১ বৈশাখ (১৪ মে):

ভূমিমন্ত্রী মো. মিজানুর রহমান মিনু, এমপি তিন দিনের সরকারি সফরে আগামীকাল শুক্রবার (১৫ মে) রাজশাহী আসবেন। তিনি সকাল আটটায় বিমানযোগে রাজশাহী এসে পৌঁছবেন।

ওইদিন সকাল দশটায় নওদাপাড়া ব্র্যাক সেন্টারে 'ব্র্যাক বার্ষিক প্রতিবেদন-২০২৫' রাজশাহী বিভাগীয় প্রকাশনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। তিনি বেলা এগারোটায় হোটেল ওয়ারিশানে আইএসপি এপি কর্তৃক আয়োজিত আইটি সেমিনারে প্রধান অতিথি হিসেবে অংশগ্রহণ করবেন। দুপুর সাড়ে বারোটায় খাদেমুল ইসলাম জামে মসজিদে সাধারণ মসল্লিদের সাথে জুমার নামাজ আদায় ও মতবিনিময় করবেন।

পরদিন শনিবার ভূমিমন্ত্রী বেলা সাড়ে এগারোটায় রাজশাহী কলেজ অডিটোরিয়ামে বাংলাদেশ স্পোর্টস সাইন্স ইউনিভার্সিটি প্রয়োজনীয়তা শীর্ষক সেমিনার ও সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। বিকাল তিনটায় রাজশাহী বড়কুটি পদ্মাপাড়ে মাওলানা আব্দুল হামিদ খান ভাসানী পরিচালিত ফারাক্কা লংমার্চের ৫০তম বার্ষিকী উপলক্ষে ফারাক্কা লংমার্চ উদযাপন কমিটির উদ্যোগে গণজমায়েতে প্রধান অতিথি হিসেবে অংশগ্রহণ করবেন। সন্ধ্যা সাতটায় রাজশাহী শাহ মখদুম মোড় মেট্রোপলিটন কলেজের শিক্ষকবৃন্দের সাথে মতবিনিময় সভায় উপস্থিত থাকবেন।

রবিবার সকাল সাড়ে এগারোটায় রাজশাহী কলেজ অডিটোরিয়ামে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ-২০২৬ উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে অংশগ্রহণ করবেন। বিকাল চারটায় রাজশাহী মুক্তিযুদ্ধ স্মৃতি স্টেডিয়াম নতুন কুঁড়ি স্পোর্টর্স-২০২৬ এর আঞ্চলিক পর্যায়ে উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

ওইদিন সন্ধ্যা পৌনে সাতটায় মন্ত্রী বিমানযোগে ঢাকার উদ্দেশ্যে রাজশাহী ত্যাগ করবেন।

.........................................................
আতিক/আলীম/রুহুল/হালিম/২০২৬/১৬.১৫ ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd